সংবাদ

তারিখ 30 DEC 2016
পৃষ্ঠা ১

জেএসসি-জেডিসি পরীক্ষার ফল

গড় পাসের হার ৯৩ শতাংশ

এগিয়ে ছাত্রীরা

রাকিব উদ্দিন

অষ্টম শ্রেণীর জেএসসি ও জেডিসি পরীক্ষায় এবার ঈর্ষণীয় সাফল্য অর্জন করেছে ছাত্রছাত্রীরা। গড় পাসের হার ও জিপিএ-৫ উভয় সূচকেই এসেছে বড় সাফল্য। জেএসসি ও জেডিসিতে এবার পাস করেছে ৯৩ দশমিক ৬ শতাংশ শিক্ষার্থী। গত বছর পাসের হার ছিল ৯২ দশমিক ৩৩ শতাংশ। এবার এই পরীক্ষায় জিপিএ-৫ বেড়েছে ৫১ হাজারেরও বেশি। শিক্ষার্থীদের অভাবনীয় সাফল্যে সারাদেশের স্কুলেই বিরাজ করছে আনন্দ-উল্লাস। তবে পরীক্ষায় অংশগ্রহণ, গড় পাসের হার ও জিপিএ-৫ সহ সকল সূচকেই এবার ছাত্রীরা এগিয়ে।

বোর্ড	গড় পাসের হার	জিপিএ-৫
ঢাকা	৯১ দশমিক ৩৬	৮৬ হাজার ৩৫০
রাজশাহী	৯৭ দশমিক ৬৮	৪০ হাজার ৪৭১
কুমিল্লা	৮৯ দশমিক ৬৮	১৯ হাজার ১৮৬
যশোর	৯৫ দশমিক ৩৫	২২ হাজার ৩
চট্টগ্রাম	৯০ দশমিক ৭৫	১৪ হাজার ১৩৫
বরিশাল	৯৭ দশমিক ৩৮	১৫ হাজার ৫৭০
সিলেট	৯৩ দশমিক ৩৭	১০ হাজার ২৫৫
দিনাজপুর	৯২ দশমিক ৯৯	২৭ হাজার ৮৯
মাদ্রাসা বোর্ড	৯৪ দশমিক ০২	১২ হাজার ৫২৯

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও মাদ্রাসার জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) এই দুই পরীক্ষায় এ বছর মোট দুই লাখ ৪৭ হাজার ৫৮৮ জন পূর্ণ জিপিএ অর্থাৎ গ্রেড পয়েন্ট এভারেজ (জিপিএ-৫) পেয়েছে। গত বছর এই সংখ্যা ছিল এক লাখ ৯৬ হাজার ২৬৩ জন। দুই পরীক্ষায় এবার জিপিএ-৫ বেড়েছে ৫১ হাজার ৩২৫টি।

জেএসসি-জেডিসিতে গত বছর উত্তীর্ণ হয়েছিল ৯২ দশমিক ৩৩ শতাংশ শিক্ষার্থী। এই হিসাবে এবার শূন্য দশমিক ৭৩ শতাংশ শিক্ষার্থী বেশি উত্তীর্ণ হয়েছে।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল সকালে গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে আনুষ্ঠানিকভাবে জেএসসি ও জেডিসি পরীক্ষা-২০১৬'র ফলের অনুলিপি তুলে দেন। এ সময় বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যান তার সঙ্গে ছিলেন।

পরে দুপুরে নিজ মন্ত্রণালয়ে

জিএসসি : পৃষ্ঠা : ১৫ ক : ১

জেএসসি : জেডিসি

(১ম পৃষ্ঠার পর)

সংবাদ সম্মেলন করে এবারের এই পরীক্ষার বিভিন্ন দিক তুলে ধরেন শিক্ষামন্ত্রী। এ সময় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর ড. এসএম ওয়াহিদুজ্জামান ও আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির সভাপতি প্রফেসর মাহবুবুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

আটটি সাধারণ শিক্ষা বোর্ড ও মাদ্রাসা বোর্ডের অধীনে সারাদেশের মোট ২৮ হাজার ৭৪১টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে এ বছর ২৩ লাখ ৪৬ হাজার ৯৫৯ জন শিক্ষার্থী জেএসসি ও জেডিসি পরীক্ষায় অংশ নেয়। তাদের মধ্যে পাস করেছে ২১ লাখ ৮৩ হাজার ৯৭৫ জন, যা গত বছর ছিল ২০ লাখ ৯৮ হাজার ৮২ জন।

মোট পরীক্ষার্থীদের মধ্যে ৮টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে জেএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল ১৯ লাখ ৯৩ হাজার ৩১৬ জন ছাত্রছাত্রী। এর মধ্যে পাস করেছে ১৮ লাখ ৫১ হাজার ৪৯৬ জন। গড় পাসের হার ৯২ দশমিক ৮৯ শতাংশ, গত বছর যা ছিল ৯২ দশমিক ৩১ শতাংশ। জেএসসিতে এবার জিপিএ-৫ পেয়েছে মোট দুই লাখ ৩৫ হাজার ৫৯ জন, গত বছর যা ছিল এক লাখ ৮৭ হাজার ৫০২ জন।

আর মাদ্রাসা বোর্ডের অধীনে জেডিসি পরীক্ষায় অংশ নিয়েছিল তিন লাখ ৫৩ হাজার ৬৪৩ জন ছাত্রছাত্রী। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে তিন লাখ ৩২ হাজার ৪৭৯ জন। গড় পাসের হার ৯৪ দশমিক ২ শতাংশ, গত বছর যা ছিল ৯২ দশমিক ৪৬ শতাংশ। জেডিসিতে এবার জিপিএ-৫ পেয়েছে ১২ হাজার ৫২৯ জন, গত বছর যা ছিল আট হাজার ৭৬১ জন।

গত ১ নভেম্বর শুরু হয়ে এবার জেএসসি পরীক্ষা শেষ হয় ১২ নভেম্বর এবং জেডিসি পরীক্ষা শেষ হয় ১৯ নভেম্বর।

শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইট এবং সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.educationboar dresults.gov.bd) থেকে জেএসসি-জেডিসির ফল জানা যাবে।

সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাকে ই-মেইলেও জেএসসি-জেডিসির ফলাফলের সফটকপি পাঠিয়েছে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড। প্রয়োজনে এদের কাছ থেকেও ফলাফলের কপি সংগ্রহ করা যাবে বলে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি জানিয়েছে।

ঈর্ষণীয় সাফল্যের নেপথ্যে

জেএসসি ও জেডিসি শিক্ষার্থীদের বিরাট সাফল্যের পেছনে শিক্ষা মন্ত্রণালয়ের বেশ কিছু উদ্যোগ ভূমিকা রেখেছে জানিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বিনামূল্যে সঠিক সময়ে শিক্ষার্থীদের হাতে পাঠ্যপুস্তক পৌঁছে দেয়া, নিয়মিত নির্দিষ্ট তারিখে পরীক্ষা শুরু ও শেষ করা, নির্দিষ্ট সময়ে শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান শুরু হওয়া, টেলিভিশনে সেরা শিক্ষা প্রতিষ্ঠানের সেরা শিক্ষকদের পাঠদান প্রচার, নকলবিরোধী ব্যাপক প্রচারণাসহ নকল প্রতিরোধে বিভিন্নমুখী উদ্যোগ

বোর্ডভিত্তিক ফল

ঢাকা বোর্ড : ঢাকা শিক্ষা বোর্ড থেকে এবার জেএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল ছয় লাখ ৫৪ হাজার ৬৫০ জন শিক্ষার্থী। এর মধ্যে পাস করেছে পাঁচ লাখ ৯৮ হাজার ৬৯ জন। গড় পাসের ৯১ দশমিক ৩৬ শতাংশ, গত বছর যা ছিল ৯০ দশমিক ৩৯ শতাংশ। এ বোর্ড থেকে এবার জিপিএ-৫ পেয়েছে ৮৬ হাজার ৩৫০ জন, গত বছর যা ছিল ৬৪ হাজার ১০ জন।

রাজশাহী বোর্ড : রাজশাহী শিক্ষা বোর্ড থেকে এবার এ পরীক্ষায় অংশ নিয়েছিল দুই লাখ ২৬ হাজার ৮৯২ জন ছাত্রছাত্রী। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে দুই লাখ ২১ হাজার ৬১৭ জন। গড় পাসের হার ৯৭ দশমিক ৬৮ শতাংশ, গত বছর যা ছিল ৯৭ দশমিক ৪৭ শতাংশ। রাজশাহীতে এবার জিপিএ-৫ পেয়েছে ৪০ হাজার ৪৭১ জন, গত বছর তা পেয়েছিল ৩৫ হাজার ৮৩ জন।

কুমিল্লা বোর্ড : কুমিল্লা বোর্ডে এবার জেএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল দুই লাখ ৫৮ হাজার ১৬৮ জন। এর মধ্যে পাস করেছে দুই লাখ ৩১ হাজার ৫২৮ জন। গড় পাসের হার ৮৯ দশমিক ৬৮ শতাংশ, গত বছর যা ছিল ৯২ দশমিক ৫১ শতাংশ। এই বোর্ডে এবার জিপিএ-৫ পেয়েছে ১৯ হাজার ১৮৬ জন, গত বছর যা ছিল ২০ হাজার ৭৪৭ জন।

যশোর বোর্ড : যশোর শিক্ষা বোর্ড থেকে এবার এ পরীক্ষায় অংশ নিয়েছিল দুই লাখ ১৩ হাজার ৩৪০ জন শিক্ষার্থী। এর মধ্যে পাস করেছে দুই লাখ তিন হাজার ৪২৮ জন। এ বোর্ডে গড় পাসের হার ৯৫ দশমিক ৩৫ শতাংশ, গত বছর যা ছিল ৯৫ দশমিক ৪৪ শতাংশ। যশোরে এবার জিপিএ-৫ পেয়েছে ২২ হাজার ৩ জন, গত বছর তা পেয়েছিল ১৭ হাজার ৮৩১ জন।

চট্টগ্রাম বোর্ড : চট্টগ্রাম শিক্ষা বোর্ড থেকে এবার জেএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল এক লাখ ৭৯ হাজার ৯৫ জন। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে এক লাখ ৬২ হাজার ৫২৪ জন। গড় পাসের হার ৯০ দশমিক ৭৫ শতাংশ, গত যা ছিল ৮৫ দশমিক ৪৮ শতাংশ। চট্টগ্রামে এবার জিপিএ-৫ পেয়েছে ১৪ হাজার ১৩৫ জন, গত বছর তা পেয়েছিল ১২ হাজার ২৬৮ জন।

বরিশাল বোর্ড : বরিশাল শিক্ষা বোর্ড থেকে এবার জেএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল এক লাখ ১৩ হাজার ৭৪৭ জন। এর মধ্যে পাস করেছে এক লাখ ১০ হাজার ৭৭১ জন শিক্ষার্থী। বরিশালে এবার গড় পাসের হার ৯৭ দশমিক ৩৮ শতাংশ, গত বছর যা ছিল ৯৭ দশমিক ২৬ শতাংশ। এই বোর্ড থেকে এ বছর